

ঢাবি ঘ ইউনিটে পাসের হার ১৩.২৬ শতাংশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত ‘ঘ’ ইউনিটের ভর্তি পরীক্ষায় ভর্তির যোগ্যতা অর্জন করেছেন ১৩ দশমিক ২৬ শতাংশ পরীক্ষার্থী। উপাচার্য অধ্যাপক মোঃ আখতারুজ্জামান মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের কেন্দ্রীয় ভর্তি অফিসে সংবাদ সম্মেলন করে আনুষ্ঠানিকভাবে ফলাফল ঘোষণা করেন। এ সময় রেজিস্ট্রার মোঃ এনামুজ্জামান, ‘ঘ’ ইউনিটের ভর্তি সমন্বয়কারী ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক সাদেকা হালিম, অনলাইন ভর্তি কমিটির প্রধান অধ্যাপক সুব্রত কুমার মন্ডল উপস্থিত ছিলেন।

গত ২৭ সেপ্টেম্বর অনুষ্ঠিত হওয়া ভর্তি পরীক্ষায় মোট ৯৭ হাজার ৫০৬ জন আবেদনকারীর মধ্যে ৮৪ হাজার ১৭৭ জন অংশ নেয়। তাদের মধ্যে এমসিকিউ ও লিখিত পরীক্ষায় সমন্বিতভাবে উত্তীর্ণ হয়েছেন ১১ হাজার ১৫৮ জন। তাদের মধ্যে আসন সীমাবদ্ধতার কারণে এক হাজার ৫৬০ জন শিক্ষার্থী বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিকের বিভিন্ন বিভাগে লেখাপড়া করার সুযোগ পাবেন। মোট ভর্তি যোগ্যতা অর্জনকারীদের মধ্যে বিজ্ঞানের ৮ হাজার ৪৮৫ জন, ব্যবসায় শিক্ষার ২ হাজার ১০৮ জন এবং মানবিকের ৫৬৯ জন শিক্ষার্থী রয়েছেন। বিজ্ঞানের শিক্ষার্থীদের জন্য এক হাজার ৯৭টি, ব্যবসায় শিক্ষার জন্য ৪১০টি এবং মানবিক পরীক্ষার্থীদের জন্য ৫৩টি আসন বরাদ্দ রয়েছে। নির্দেশিত প্রক্রিয়া অবলম্বন করে ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (admission. eis.du.ac.bd) থেকে ফল জানা যাবে। এছাড়া যে কোন মোবাইল থেকে DU<>GHA<>Roll টাইপ করে ১৬৩২১ নম্বরে এসএমএস পাঠ্যেও ফলাফল জানা যাবে। উত্তীর্ণরা আগামী ৩১ অক্টোবর থেকে ১৪ নবেম্বরের মধ্যে বিশ্বিদ্যালয়ের ওয়েবসাইটে গিয়ে বিষয়ের পছন্দক্রম পূরণ করতে পারবেন। কোটায় আবেদনকারীদের ৩ নবেম্বর থেকে ১২ নবেম্বরের মধ্যে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অফিস থেকে ফর্ম সংগ্রহ করে পূরণ করে তা সেখানেই জমা দিতে হবে। ফলাফল নিরীক্ষণের জন্য নির্ধারিত ফি দিয়ে ৩০ অক্টোবর থেকে ৬ নবেম্বর পর্যন্ত সময়ের মধ্যে ডিন অফিসে আবেদন করা যাবে। নিরীক্ষার ফলাফল আবেদনকারীরা ১৩ নবেম্বরের মধ্যে জানতে পারবেন। ২০০ নম্বরের পরীক্ষায় ১৭৯ দশমিক ২০ পেয়ে বিজ্ঞানে প্রথম হয়েছেন সেন্ট জোসেফ উচ্চ বিদ্যালয় থেকে পাস করা মোঃ আহাদ আল আজাদ মুনেম। মানবিকে প্রথম হয়েছেন তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার আবদুল্লাহ। আর ব্যবসায় শিক্ষা বিভাগে সেরা হয়েছেন হলিক্রস কলেজের রোজা শাওয়াল রিজওয়ান।

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম.এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক প্রোব জনকষ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে প্রোব প্রিন্টার্স লিঃ ও জনকষ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডি এ ৭৯৬।

**কার্যালয়:** জনকর্তৃ ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইঞ্জিনিয়ারিং  
জিপিও বাস্স: ৩৩৮০, ঢাকা।

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),  
১৫৬ নং আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

ଫୋନ୍: ୯୭୪୯୭୮୦-୯୯ (ଅଟୋହାନ୍ତିଂ ୨୦ ଟି ଲାଇନ୍),  
ଫ୍ୟାକ୍ସ୍ଟର୍: ୯୩୫୧୩୧୭, ୮୩୧୬୩୦୫  
ଇ-ମେଲ୍: janakanthanews@gmail.com  
ଇ-ଜନକର୍ତ୍ତା: [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

